দৈনিক ইত্তেফাক

২১

তারিখ 30 Apr 1990
পৃষ্ঠা ১ কলাম 2

2/

## শিক্ষাসফর ঃ বিশ্ববিদ্যালয়ে তদন্ত কমিটি গঠনের নির্দেশ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের লোক-প্রশাসন বিভাগের ছাত্র-ছাত্রীদের সার্কভুক্ত দেশসমূহ সফরের ব্যাপারে দৈনিক ইত্তেফাকের ২১শে ও পরে ২৬শে এপ্রিলের সংখ্যায় "কেন এই গোপনীয়তা" শীর্ষক প্রতিবেদন সম্পর্কে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বলেন, বিভিন্ন বিভাগের ছাত্র-ছাত্রী-

(শেষ পৃ: ৬-এর ক: দ্র:)

### শিক্ষা সফর

( ১ম পৃ: পর )

দের এই ধরনের শিক্ষাসফর একটি অত্যন্ত স্বাভাবিক ব্যাপার। ছাত্র-ছাত্রীরা বিভাগীয় ব্যবস্থাপনায় দায়িত্বপ্রাপ্ত শিক্ষকদের নেতৃত্বাধীনে এই ধরনের শিক্ষাসফরে গমন করিয়া থাকে। তবুও সংবাদপত্রে প্রতিবেদন প্রকাশিত হওয়ার পরই ভাইস চ্যান্সেলর এ ব্যাপারে প্রকৃত তথ্যাদি জানানোর জন্য বিভাগীয় চেয়ারম্যানকে নির্দেশ দেন। তাছাড়া, তিনি সামাজিক বিজ্ঞান অনুষদের ডীনকে এব্যাপারে তদন্ত করিয়া অবিলম্বে একটি রিপোর্ট প্রদানের নির্দেশ দেন। এ ব্যাপারে কোন প্রকার অনিয়ম বা অস্বাভাবিকতা দেখা গেলে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়ম অনুসারে ব্যবস্থা গ্রহণ করা হইবে। উল্লেখ্য, ইতিমধ্যে সকল ছাত্র-ছাত্রী সফর শেষে নিরাপদে ঢাকা প্রত্যাবর্তন করিয়াছে। —প্রেস বিজ্ঞপ্তি।